দৈনিক ইত্তেফাক ৩

তারিখ 20 FEB 1993
পৃষ্ঠা ১ কলাম ৭

## চট্টগ্রাম ভার্সিটি একুশ উদযাপনের অনুমতি না দেওয়ায় ক্ষোভ

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সর্বদলীয় ছাত্র ঐক্য মহান একুশ উদযাপনের অনুমতি প্রদানে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের অস্বীকৃতিকে দুঃখজনক অভিহিত করিয়াছে এবং এ জন্য ছাত্রসমাজের নিকট ক্ষমা প্রার্থনার দাবী জানাইয়াছে। গতকাল চট্টগ্রাম

(১১শ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রাম ভার্সিটি

(১ম পৃঃ পর)

প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে ছাত্রঐক্যের পক্ষে লিখিত বক্তব্য পেশ করেন মোহাম্মদ সেলিম রেজা সৌরভ উপস্থিত ছিলেন চাকসু জি,এস আজিম উদ্দিন আহমদ, মাহবুর রহমান সাইফুদ্দিন, খালেদ খসরু, আসাদুজ্জামান, দীলিপ, সোহেল হাকিম শিবলু, অনুপ খাস্তগীর প্রমুখ। সাংবাদিক সম্মেলনে বলা হয়, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সর্বদলীয় ছাত্রঐক্যকে রাজনৈতিক ও সাংস্কৃতিক কর্মকাণ্ড পরিচালনার অনুমতি দিতেছেন না। অথচ একটি চিহ্নিত সংগঠন হলসমূহে অবাধে রাজনৈতিক কর্মকাণ্ড চালাইয়া যাইতেছে। সন্ত্রাসী গোষ্ঠি ঐক্য নেতৃবৃন্দের উপর হামলা চালাইয়া যাইতেছে। নেতৃবৃন্দ বলেন, আচরণবিধির কোথাও রাজনৈতিক ও সাংস্কৃতিক কর্মকাণ্ড স্থগিত রাখার কথা নাই। অথচ বিশ্ববিদ্যালয় প্রশাসন সরকারী মদদে রাজনৈতিক ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের উপর নিষেধাজ্ঞা আরোপ করিয়া ক্যাম্পাসকে অন্ধত্ব ও কূপমণ্ডুকতা বিস্তারের তীর্থ ভূমিতে পরিণত করিয়াছে।

নেতৃবৃন্দ ইতিপূর্বে প্রলয়ংকরি ঘূর্ণিঝড়ে বিধ্বস্ত শহীদ মিনার পুরনো মডেলে যথাশীঘ্র নির্মাণের দাবী জানান। সাংবাদিক সম্মেলনে সর্বদলীয় ছাত্র ঐক্যের পক্ষ হইতে ৫ দফা দাবী পেশ করা হয়।